

Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 25 June, 2025

ঢাকার কমলাপুর রেলস্টেশনের প্ল্যাটফর্মে দাঁড়িয়ে থাকা ট্রেনের টয়লেটে ধর্ষণের অভিযোগ উঠেছে রেলের এক কর্মচারীর বিরুদ্ধে। আজ বুধবার সকাল পৌনে ৯টার দিকে রংপুর এক্সপ্রেস ট্রেনে এ ঘটনা ঘটে।

এ ঘটনায় ওই ট্রেনের পাবলিক অ্যানাউন্সমেন্ট অপারেটর সাইফুল ইসলামকে (২৮) আটক করা হয়েছে। সৈয়দপুর রেলওয়ে পুলিশ সুপার (অতিরিক্ত ডিআইজি) মো. ফরহাত আহমেদ এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, 'কমলাপুরে রেলস্টেশনের প্ল্যাটফর্মে রংপুর এক্সপ্রেস ট্রেনটি দাঁড়িয়ে থাকা অবস্থায় টয়লেটে এক নারীযাত্রীকে ধর্ষণের অভিযোগ পাওয়া গেছে।

'ট্রেনে দায়িত্বরত পুলিশ কর্মকর্তার কাছে ওই নারী পিএ অপারেটর সাইফুল ইসলামের বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ করেছেন। এরপর অভিযুক্তকে ট্রেনেই আটক করে পুলিশ,' বলেন তিনি। ট্রেনটি রংপুর অভিমুখে যাত্রার আগে এ ধর্ষণের ঘটনা ঘটেছে বলেও উল্লেখ করেন তিনি।

রেল পুলিশ সুপার ফরহাত বলেন, 'ওই নারীর কাছে মোবাইল ফোন না থাকায় আমরা তার সঙ্গে কথা বলতে পারিনি। তবে তার পরিবারের সঙ্গে যোগাযোগ করা হয়েছে। তাকে ফিরতি ট্রেনে ঢাকা পাঠানো হচ্ছে।

ধর্ষণের অভিযোগে ঘটনাস্থল কমলাপুর স্টেশনে মামলা হবে এবং পরবর্তী আইনি প্রক্রিয়া সম্পন্ন হবে বলেও জানান তিনি।

জানতে চাইলে ঢাকা রেলওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা জয়নাল আবেদীন বলেন, 'আমরা ঘটনাটি সম্পর্কে জেনেছি। আনুষ্ঠানিক অভিযোগ দায়েরের অপেক্ষায় আছি।